

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে জুলাই-২০১৭ সেশনের
এমফিল/এম.এমএড/ডিপ্লোমা কোর্সসমূহের ভর্তি পরীক্ষা আগামী শুক্রবার ৩১ মার্চ

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে জুলাই-২০১৭ সেশনের এমফিল/এম.এমএড/ডিপ্লোমা কোর্সসমূহের ভর্তি পরীক্ষা আগামী শুক্রবার ৩১ মার্চ সকাল ৯টায় বুয়েট-এর মূল ও পশ্চিম পলাশী ক্যাম্পাস অনুষ্ঠিত হবে। এবছর চারটি অনুষদ থেকে মোট ৬৫৫৬ জন পরীক্ষার্থী অংশ নেবেন। মেডিসিন, সার্জারি, ডেনটিস্ট্রি এবং বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদভুক্ত এমফিল, এম.এমএড ও ডিপ্লোমা কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবছর মেডিসিন অনুষদে ২২১৮ জন পরীক্ষার্থী, সার্জারি অনুষদে ৩১২৫ জন, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদে ১০৩৭ জন এবং ডেনটিস্ট্রি অনুষদে ১৭৬ জন পরীক্ষার্থী অংশ নেবেন। কোর্স ভিত্তিক এমফিল-এ ৯৪১ জন, এম.এমএড-এ ১৮ জন এবং ডিপ্লোমা কোর্সে ৫৫৯৭ জন পরীক্ষার্থী অংশ নেবেন। এবছর মোট আসন সংখ্যা হলো ৯৪১টি, এরমধ্যে এমফিল-এ ১৭৭টি, এম.এমএড-এ ১০টি এবং ডিপ্লোমা কোর্সের আসন সংখ্যা হলো ৭৫৪টি। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান-এর নির্দেশনায় ও উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপনের সার্বিক তত্ত্বাবধানে সুষ্ঠু ও সুন্দরভাবে ভর্তি পরীক্ষার সম্পন্ন করার যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ ইফতেখার আলম। পরীক্ষার ফলাফল ওই দিন-ই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.bsmmu.edu.bd) প্রকাশ করা হবে। নিউজ: প্রশান্ত।